গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# নভেম্বর/২০২৫ মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মোঃ ইসমাইল হোসেন |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| **তারিখ ও সময়** | : | ২৭-১১-২০২৫ খ্রি. দুপুর-০২:০০ মি. |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১.</td><td>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন;</td><td>বিগত ১৮/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি।</td><td>১. বিগত ১৮/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো।</td><td>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</td></tr>
<tr><td>০২.</td><td>অনিষ্পন্ন বিষয়াদি</td><td>অনিষ্পন্ন বিষয়াদির তথ্য প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। অনিষ্পন্ন বিষয়াদির ছক নিম্নরূপ ভাবে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>ছক
<table>
<tr><th>শাখার নাম</th><th>গত মাসের পেন্ডিং পত্র</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত পত্র</th><th>অনিষ্পন্ন পত্র সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
<table>
<tr><th colspan="2">পেন্ডিং তালিকা</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>০১ মাসের অধিক</th><th>০৩ মাসের অধিক</th></tr>
<tr><td>০৫</td><td>০৬</td><td>০৭</td></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table></td><td>১. অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২. হালনাগাদকৃত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করতে হবে।</td><td>১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর</td></tr>
<tr><td>০৩.</td><td>জনবল সংক্রান্ত তথ্য;</td><td>সমবায় অধিদপ্তরের অনুমোদিত জনবলের তথ্য, গ্রেড ভিত্তিক কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য ও গ্রেড ভিত্তিক শূণ্য পদের তথ্য প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>১. অনুমোদিত জনবলের তথ্য, গ্রেড ভিত্তিক কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তথ্য ও শূণ্য পদের তথ্য প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর</td></tr>
</table>

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৪. | **রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত ও সমাপ্ত প্রকল্পের অডিট সংক্রান্ত;** | সহকারী নিবন্ধক (অডিট আপত্তি ও নিষ্পত্তি) সভায় জানান বর্তমানে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয় ও এর আওতাধীন দপ্তরসমূহের মোট অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ৩১১টি এ দুই মাসে ৩টি অডিট আপত্তি নিষ্পন্ন করা হয়েছে এবং ১টি অডিট আপত্তি আংশিক নিষ্পন্ন করা হয়েছে। সভায় অনিষ্পন্ন রাজস্ব অডিট সংক্রান্ত তথ্য উপস্থাপন করা হয়। রাজস্ব অডিট আপত্তির মধ্যে অগ্রিম অনুচ্ছেদ (SFI) এর সংখ্যা এবং সাধারণ অনুচ্ছেদ (Non SFI) এর সংখ্যা ছকে পৃথকভাবে উপস্থাপন করাসহ উপস্থাপিত ছক আপডেট করা এবং অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংক্রান্ত সার্বিক অবস্থা নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়কে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. দ্বি-মাসিক সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. রাজস্ব অডিট আপত্তির মধ্যে অগ্রিম অনুচ্ছেদ (SFI) এর সংখ্যা এবং সাধারণ অনুচ্ছেদ (Non SFI) এর সংখ্যা ছকে পৃথকভাবে উপস্থাপন করাসহ উপস্থাপিত ছক আপডেট করতে হবে। | উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৩. অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংক্রান্ত সার্বিক তথ্য নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়কে অবহিত করতে হবে। | উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ০৫. | **অফিস পরিদর্শন সংক্রান্ত;** | সকল কার্যালয়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সতর্কতার সহিত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। সদর কার্যালয়ের কর্মকর্তাদের মাঠ পর্যায়ের সমবায় অফিস পরিদর্শনের জন্য অফিস আদেশ জারি প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১. সদর কার্যালয়ের কর্মকর্তাদের মাঠ পর্যায়ের সমবায় অফিস পরিদর্শনের জন্য অফিস আদেশ জারি করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| | | অফিস পরিদর্শন সম্পর্কিত ছক হালনাগাদ করার কাজ চলমান রয়েছে। অফিস পরিদর্শন সম্পর্কিত ছক দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. অফিস পরিদর্শন সম্পর্কিত ছক দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |
| ০৬. | **সমবায় সমিতি পরিদর্শন সংক্রান্ত;** | মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা প্রমাপ অনুযায়ী সমবায় সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছকসমূহের সংযোজন, বিয়োজনসহ অন্য কোনো মতামত (যদি থাকে) তা জরুরি ভিত্তিতে সমন্বয় ও কর্মমূল্যায়ন শাখায় প্রেরণের জন্য বিগত ০৫/১০/২০২৫ তারিখে স্মারক নং ২২০ মূলে অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি ও সকল বিভাগীয় সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। তন্মধ্যে বিভাগীয় যুগ্মনিবন্ধক, ঢাকা হতে পত্র পাওয়া গিয়েছে। সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক চূড়ান্ত করার কাজ চলমান রয়েছে। সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা প্রমাপ অনুযায়ী সমবায় সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করবেন।<br><br>২. সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক দ্রুত সময়ের মধ্যে হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত;** | সভায় জানানো হয়, অক্টোবর/২৫ মাসে সমবায় বিভাগীয় সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ৭০৯টি ও এ সময়ে সমবায় সমিতি বাতিলের সংখ্যা ৩২৩৮টি এবং অক্টোবর/২৫ মাসে বিআরডিবিভুক্ত সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ১১টি ও এ সময়ে সমবায় সমিতি বাতিলের সংখ্যা ৬৫টি। সমবায় সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে অডিট ও আইন শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিভাগীয় সমবায় সমিতি ও বিআরডিবিভুক্ত সমবায় সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৮. | **প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত;** | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি জানান, বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটসমূহে ২০২৪-২০২৫ প্রশিক্ষণ বর্ষে ইতোমধ্যে নির্ধারিত সময়ের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে এবং আগামী ২০২৫-২০২৬ প্রশিক্ষণ বর্ষের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।<br><br>জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরকারী কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত প্রশিক্ষণ ম্যানুয়াল নভেম্বর/২৫ মাসে প্রকাশ করা হয়েছে সেই আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউটসমূহে ২০২৫-২০২৬ প্রশিক্ষণ বর্ষে লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে।<br><br>২. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নভেম্বর/২৫ মাসে প্রকাশিত সরকারী কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা<br>২. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br><br>যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |
| ০৯. | **বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত;** | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৫৯০টি মামলা বিচারাধীন রয়েছে এর মধ্যে ৫৩৪টি সমবায় সমিতি সংক্রান্ত। উচ্চ আদালতে ৩৯৪টি ও নিম্ন আদালতে ১৪০টি মামলা রয়েছে এবং প্রশাসন শাখায় সংশ্লিষ্ট ৫৬টি মামলা রয়েছে। বিবেচ্য ০২(দুই) মাসে নিম্ন আদালতে কোন মামলা নিষ্পত্তি হয়নি। অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখাসহ মাঠ পর্যায়ের মামলা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে আরজির জবাব যথাসময়ে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>সকল দপ্তর ও সংশ্লিষ্ট শাখায় মামলা সংক্রান্ত রেজিস্টার আবশ্যিকভাবে হালনাগাদ রাখার বিষয়ে এবং রেজিস্টারে সকল তথ্য থাকতে হবে মর্মে বিষয়ে আলোচনা করা হয়।<br><br>মামলা সংক্রান্ত পত্র যথাসময়ে এন্ট্রি করা ও নথিতে উপস্থাপন করা এবং যথাসময়ে মামলার শুনানীতে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি ও প্যানেল আইনজীবী উপস্থিত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২. সকল দপ্তর ও সংশ্লিষ্ট শাখায় মামলা সংক্রান্ত রেজিস্টারসমূহ আবশ্যিকভাবে হালনাগাদ রাখতে হবে।<br><br>৩. মামলা সংক্রান্ত পত্র যথাসময়ে এন্ট্রি ও নথিতে উপস্থাপন করতে হবে এবং যথাসময়ে মামলার শুনানীতে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি ও প্যানেল আইনজীবী উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমবায় অধিদপ্তরের কনটেম্পট মামলাসমূহের সংখ্যা ০৭টি এবং সকল মামলা চলমান রয়েছে। যথাসময়ে এ বিষয়ে যোগাযোগ বা জবাব দেয়ার বিষয়ে সভায় বিভাগীয় যুগ্মনিবন্ধকদের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার বিস্তারিত তথ্য (সর্বশেষ অবস্থাসহ) দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৪. কনটেম্পট মামলাসমূহের বিষয়ে বিশেষভাবে তদারকী করতে হবে এবং আদালতে দাখিলকৃত সকল মামলার জবাব যথাসময়ে দাখিল করতে হবে।<br><br>৫. কর্মকর্তা/কর্মচারীদের বিভাগীয় মামলার বিস্তারিত তথ্য (সর্বশেষ অবস্থাসহ) দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১০. | অডিট অগ্রগতি; | জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট সম্পাদন সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল সমবায় সমিতির অডিট সম্পাদন করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>২০২৪-২০২৫ অর্থবছরের সম্পাদিত সকল অডিট নোট শতভাগ পর্যালোচনা করা এবং যে সকল অডিট নোটে আর্থিক অনিয়ম/ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হবে, প্রয়োজনে সে সকল অডিট নোটের টেস্ট অডিট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন নিশ্চিত করতে হবে।<br><br>২. ২০২৪-২০২৫ অর্থবছরের সম্পাদিত সকল অডিট নোট শতভাগ পর্যালোচনা করা এবং যে সকল অডিট নোটে আর্থিক অনিয়ম/ত্রুটি বিচ্যুতি পরিলক্ষিত হবে, সে সকল অডিট নোটের টেস্ট অডিট সম্পন্ন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১১. | অডিট ফি আদায়ের অগ্রগতি ও সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত; | ২০২৪-২০২৫ সনের অডিট নোট দাখিলের সাথে সাথে হালনাগাদ অডিট ফি ও সিডিএফ আদায়ের পাশাপাশি বকেয়া অডিট ফি ও সিডিএফ দ্রুত সময়ের মধ্যে আদায় এবং জাতীয় ও দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট সমবায় সমিতিগুলোকে পত্র দেয়ার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. ২০২৪-২০২৫ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি ও সিডিএফ ধার্য ও আদায় করতে হবে এবং পাশাপাশি বকেয়া অডিট ফি ও সিডিএফ দ্রুত সময়ের মধ্যে আদায় এবং জাতীয় ও দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট সমবায় সমিতিগুলোকে পত্র দিতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>৩. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | অডিট ফি আদায়ের রিটার্নের ছক হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ করা এবং সেই ছকের তথ্য অনুযায়ী আগামী দ্বি-মাসিক সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. অডিট ফি আদায়ের রিটার্নের ছক হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ করা এবং প্রেরিত ছক মোতাবেক তথ্য আগামী দ্বি-মাসিক সভায় উপস্থাপন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১২. | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত; | সভায় জানানো হয়, মাঠ পর্যায় ৮টি বিভাগ স্ব-উদ্যোগে বর্তমানে মোট ১৩৮৫টি সমবায় সমিতিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে। ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১৩৮৫টি সমবায় সমিতিকে মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সকল সমবায় সমিতি ১০০% পরিদর্শন জেলা কার্যালয় হতে এবং ২০% পরিদর্শন বিভাগীয় কার্যালয় হতে সম্পন্ন করার জন্য বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের দৃষ্টি আকর্ষণ করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১৩৮৫টি সমবায় সমিতি মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে ঝুঁকি হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২. জেলা সমবায় কার্যালয় কর্তৃক ১০০% সমবায় সমিতি পরিদর্শন করবে এবং বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক ২০% সমবায় সমিতি পরিদর্শন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন),<br>২. যুগ্মনিবন্ধক (মা. ক্রে.গৃ.মওবি),<br><br>বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, ময়মনসিংহ সভায় জানান, জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার পলাতক সমিতির বিষয়ে কার্যকর ব্যবস্থা হিসেবে জনাব মোঃ আব্দুল হান্নান, জেলা সমবায় কর্মকর্তা, জামালপুরকে পরিবর্তন করে একজন দক্ষ কর্মকর্তা পদায়নের বিষয়ে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করা হয়। যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সভায় জানান এ বিষয়ে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সেপ্রেক্ষিতে মন্ত্রণালয় হতে একটি কোয়েরি দিয়েছে। কোয়ারির জবাব প্রেরণ ও মন্ত্রণালয়ে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. জনাব মোঃ আব্দুল হান্নান, জেলা সমবায় কর্মকর্তা, জামালপুরকে প্রত্যাহার করে একজন দক্ষ কর্মকর্তা পদায়নের বিষয়ে প্রেরিত পত্রের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ রক্ষা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |
| ১৩. | **ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম;** | ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় জানান ০৬-১১-২০২৫ তারিখ পর্যন্ত সমবায় অধিদপ্তরের ১০১ জন, ঢাকা বিভাগের ৪৭৭ জন, চট্টগ্রাম বিভাগের ৫৫০ জন, রাজশাহী বিভাগের ৪১০ জন, খুলনা বিভাগের ৪০২ জন রংপুর বিভাগের ৩৪১ জন, বরিশাল বিভাগের ২০৫ জন, ময়মনসিংহ বিভাগের ২৫২ জন এবং সিলেট বিভাগের ১৬২ জন কর্মকর্তা কর্মচারী সিস্টেমে Personal Data Sheet (PDS) এ তথ্য এন্ট্রি করেছেন। যা এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোডের অগ্রগতির হার শতকরা প্রায় ৮৭%। যেগুলো সিস্টেমে এন্ট্রি হয়েছে, তাঁর মধ্যে আবার অনেকগুলোর শতভাগ তথ্য সিস্টেমে এন্ট্রি হয়নি। আগামী ০২-১২-২০২৫ তারিখের মধ্যে সকল কর্মকর্তা কর্মচারীর ছবিসহ ব্যক্তিগত তথ্য শতভাগ সিস্টেমে এন্ট্রি করার জন্য পত্র দেয়া হয়েছে মর্মে সভায় জানানো হয়। নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ তথ্য সিস্টেমে এন্ট্রি করা এবং যারা এন্ট্রি করতে ব্যর্থ হবে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>Loan & Capital Management শীর্ষক কম্পোনেন্টে বাস্তবায়িত চলমান ও সমাপ্ত প্রকল্পের আওতায় সমবায় সমিতির ঋণের পূর্ণাঙ্গ তথ্য বিগত ১৫-১০-২০২৫ তারিখের মধ্যে অনলাইনে শতভাগ এন্ট্রি নিশ্চিত করার জন্য সকল বিভাগীয় যুগ্মনিবন্ধকগণকে পত্র দেয়া হয়। সর্বশেষ সিস্টেমে এন্ট্রি হওয়া তথ্য অনুযায়ী ২৮২টি সমবায় সমিতির তথ্য সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে। যার মধ্যে সিস্টেমে অন্তর্ভুক্ত হওয়া মহিলা সুবিধাভোগীর সংখ্যা ১৮,৩৫১ জন ও পুরুষ সুবিধাভোগীর সংখ্যা ১০৩৭৫ জন। সর্বমোট সুবিধাভোগীর সংখ্যা ২৮,৭২৬ জন। সমাপ্ত প্রকল্পসমূহের সমিতিওয়ারী উপকারভোগী ঋণ কার্যক্রমের তথ্য নির্ধারিত ছক মোতাবেক তথ্য অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে। সমাপ্ত প্রকল্পসমূহের | ১. এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে সমবায় অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীদের সকল ধরনের তথ্য আগামী ০২-১২-২০২৫ তারিখের মধ্যে শতভাগ ইনপুট দেওয়ার কাজ সম্পন্ন করাসহ সংশ্লিষ্ট কর্মচারীর ইনপুটকৃত তথ্যের হার্ড কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল নিশ্চিত করতে হবে।<br><br>২. এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে সকল মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরনের তথ্য আগামী ০২-১২-২০২৫ তারিখের মধ্যে শতভাগ ইনপুট দেওয়ার কাজ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মচারী ইনপুটকৃত তথ্যের হার্ড কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল নিশ্চিত করতে হবে।<br>৩. সমাপ্ত প্রকল্পসমূহের সমিতিওয়ারী উপকারভোগী ঋণ কার্যক্রমের তথ্য দ্রুত সময়ের মধ্যে নির্ধারিত ছক মোতাবেক এন্ট্রিপূর্বক সিস্টেমে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সদস্য সচিব, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদান কমিটি<br><br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমিতিওয়ারী উপকারভোগী ঋণ কার্যক্রমের তথ্য নির্ধারিত ছক মোতাবেক তথ্য দ্রুত সময়ের মধ্যে এন্ট্রির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | ১. সদস্য সচিব, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদান কমিটি<br><br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল |
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান সমবায় সমিতির ২০২৪-২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দ সংশ্লিষ্ট বিভাগের উপজেলা পর্যায় হতে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মে এন্ট্রি করার জন্য মাঠ পর্যায়ে পত্র দেয়া হয়েছে। সর্বশেষ সিস্টেমের তথ্য অনুযায়ী ২৫% তথ্য এন্ট্রি হয়েছে। জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক (দেশব্যাপী) কর্মএলাকা বিশিষ্ট সমবায় সমিতির ২০২৪-২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্লাটফর্মে এন্ট্রি করার কার্যক্রমটি চলমান রয়েছে মর্মে সভায় জানানো হয়। দ্রুত সময়ে মধ্যে সমবায় সমিতির ২০২৪-২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দের তথ্য সংশ্লিষ্ট বিভাগের উপজেলা পর্যায় হতে এবং জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক (দেশব্যাপী) কর্মএলাকা বিশিষ্ট সমবায় সমিতির ২০২৪-২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দের তথ্য এন্ট্রি সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৪. সমবায় সমিতির ২০২৪-২০২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দ সংশ্লিষ্ট বিভাগের উপজেলা পর্যায় হতে ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্মে তথ্য এন্ট্রি দ্রুত সময়ে মধ্যে সিস্টেমে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>৫. জাতীয়, কেন্দ্রীয় ও প্রাথমিক (দেশব্যাপী) কর্মএলাকা বিশিষ্ট সমবায় সমিতির ২০২৪-২৫ নিরীক্ষা বর্ষের নিরীক্ষা বরাদ্দ ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারী প্লাটফর্মে এন্ট্রি করার কার্যক্রম সম্পন্ন করতে হবে। | |
| | | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমে 'ই-কমার্স' শীর্ষক কম্পোনেন্টে ০৮টি বিভাগের মধ্যে ০৫ টি বিভাগের সমিতির তথ্য এন্ট্রি কার্যক্রম সম্পন্ন করেছে। উল্লেখ্য, ইতোমধ্যে ২২/০৪/২০২৫ খ্রি: তারিখে কম্পোনেন্টে তথ্য এন্ট্রি দেয়ার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ০৪ (চার) বার পত্র প্রেরণ করা হয়েছে কিন্তু অদ্যাবধি সকল সমিতির তথ্য এন্ট্রি হয়নি। সর্বশেষ এ দপ্তরের স্মারক | ৬. যে সকল সমবায় সমিতির তথ্য অদ্যাবধি সিস্টেমে এন্ট্রি হয়নি, সে সকল সমবায় সমিতির তথ্য সিস্টেমে দ্রুত সময়ে মধ্যে সিস্টেমে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | নম্বর- ১৯৭, তারিখ-১৫/১০/২০২৫ মূলে ০৩টি বিভাগের যুগ্মনিবন্ধকগণকে (রংপুর, খুলনা ও সিলেট) পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭. সমবায় অধিদপ্তর হতে মাঠ পর্যায়ে পত্র দেয়া হলে বা কোন তথ্য চাওয়া হলে, পত্রের জবাব বা চাহিত তথ্য নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যিকভাবে এ দপ্তরে প্রেরণ করতে হবে। | |
| | | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সভায় জানান বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে ২০২৫-২০২৬ খ্রি. বর্ষে সমাপ্ত প্রশিক্ষণ কোর্সের সংখ্যা ১৫১টি, তন্মধ্যে ইন্টিগ্রেডেট ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (IDSDP) এর মাধ্যমে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের সংখ্যা ১৪৯টি। ইন্টিগ্রেডেট ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের হার ৯৮%। বর্তমান সকল কোর্স ইন্টিগ্রেডেট ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম এর মাধ্যমে অনুষ্ঠিত হচ্ছে। এ বিষয়ে সিস্টেমে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৮. বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটসমূহে অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমের মাধ্যমে করতে হবে এবং ইন্টিগ্রেডেট ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম এর মাধ্যমে অনুষ্ঠিত ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ কোর্সের তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদান কমিটি কর্তৃক যেহেতু ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের অগ্রগতির বিষয়ে পৃথক সভা অনুষ্ঠিত হয় সেহেতু এ সংক্রান্ত হালনাগাদ তথ্য উক্ত কমিটির সদস্য সচিব কর্তৃক দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | ৯. ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রমের হালনাগাদ তথ্য সমন্বিত ভাবে অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালাচনা ও পরামর্শ প্রদান কমিটির সদস্য সচিব দ্বি-মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | সদস্য সচিব, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেমের বাস্তবায়ন পর্যায়ে সমবায় অধিদপ্তরের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও পরামর্শ প্রদান কমিটি |
| ১৪. | **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত;** | মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, নির্দেশনা মোতবেক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর আয়-ব্যয় হিসাব নিয়মিত সমবায় অধিদপ্তরের কৃষিজ শিল্প শাখায় প্রেরণ করা হয়। বিগত বছর লোকসান ছিল। এবছর জুলাই, আগষ্ট ও সেপ্টেম্বর/২৫ মাসে দুগ্ধ সংগ্রহের হার ও বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | দুগ্ধ সংগ্রহের প্রাথমিক পর্যায়ে এবং দুগ্ধজাত পণ্য উৎপাদনে গুনগত মান শতভাগ সঠিক থাকলে ভোক্তা পর্যায়ে মিল্কভিটা পণ্যের চাহিদা বৃদ্ধি পারে। মিল্ক ইউনিয়নের জনবলকে যথাযথভাবে কাজে লাগিয়ে মিল্ক ইউনিয়নকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর করার কর্মকৌশল প্রস্তুত করে এ দপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. মাঠ পর্যায়ে দুধ সংগ্রহ হতে শুরু করে মিল্কভিটার পণ্য প্রস্তুতের ক্ষেত্রে পণ্যের গুনগত মান শতভাগ নিশ্চিত করতে হবে যাতে করে মিল্কভিটার পণ্যের প্রতি ভোক্তাদের আস্থা অটুট থাকে এবং মিল্ক ইউনিয়নের জনবলকে যথাযথভাবে ব্যবহার করতে হবে। মিল্ক ইউনিয়নকে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তরিত করার কর্মকৌশল পাঠাতে হবে। | |
| | | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সভায় জানান, মিল্কভিটা পণ্যের বিষয়ে যেকোন অপপ্রচার রোধে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিগত সভায় সিদ্ধান্ত নেয়া হলেও এ বিষয়ে মিল্ক ইউনিয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত বাস্তবায়ন প্রতিবেদনে দেখা যায়, কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা উল্লেখ করা হয়নি। মিল্কভিটার পণ্যের বিরুদ্ধে কোন অপপ্রচার হলে তার গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করাসহ প্রয়োজনে মামলা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. মিল্কভিটা পণ্যের বিষয়ে যেকোন অপপ্রচার রোধে গুরুত্ব বিবেচনায় জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫. | **বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত;** | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর প্রতিনিধি সভায় জানান ২০২৫-২০২৬ অর্থবছরের (জুলাই/২৫ হতে অক্টোবর/২৫ পর্যন্ত) কৃষি ঋণ খাতে বিতরণ ৬০.০০ লক্ষ টাকা, সুবিধা ভোগীর সংখ্যা ৬৭ জন ও আদায় ২৪.৯১ লক্ষ টাকা, প্রকল্প ঋণ খাতে আদায় ৭.৪৫ লক্ষ টাকা, প্রকল্প ঋণ (মহিলা) খাতে আদায় ১.৮৮ লক্ষ টাকা, পার্সোনাল ঋণ খাতে বিতরণ ২৯৫.০০ লক্ষ টাকা, সুবিধা ভোগীর সংখ্যা ৭৮ জন ও আদায় ৫৯৭.৫৮ লক্ষ টাকা, কনজুমার্স ঋণ খাতে আদায় ১.৯৩ লক্ষ টাকা এবং স্বর্ণ বন্ধকী ঋণ খাতে বিতরণ ১৪৩৩.৩৫ লক্ষ টাকা, সুবিধা ভোগীর সংখ্যা ৭০৮ জন ও আদায় ১২৭৮.৬০ লক্ষ টাকা। সমবায় ব্যাংকের ২০২৫-২০২৬ অর্থবছরের অক্টোবর/২০২৫ পর্যন্ত মোট আয় ৮,৮৯,১৪,৪২৬.৬১ টাকা, মোট ব্যয় ৪,৬৮,৫২,৮৭৯.৬২ টাকা ও উদ্বৃত্ত ৪,২০,৬১,৫৪৬.৯৯ টাকা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রমের তথ্য নিয়মিত এ দপ্তরে প্রেরণ করা হয়। | ১. দ্বিমাসিক সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর প্রতিনিধি সভায় জানান পার্সোনাল লোন আদায়ে সমবায় বিভাগের কর্মকর্তাদের সহযোগিতা পাচ্ছেন, তবে মাঠ পর্যায়ে আরো সহযোগিতার প্রয়োজন। সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের অনাদায়ী পার্সোনাল লোন যদি থাকে তা আদায়ে সমবায় ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করা এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করা সত্বেও যদি আদায় না হয়। সেক্ষেত্রে কিকি পদক্ষেপ নেওয়া হয়েছে তা উল্লেখ করে এ দপ্তরে বিস্তারিত তথ্য প্রেরণ বিষয়ে সভায় অলোচনা করা হয়। | ২. বাংলাদেশ সমবায় ব্যাংক এর সমবায় বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের অনাদায়ী পার্সোনাল লোন যদি থাকে তা আদায়ে সমবায় ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |
| ১৬. | **বিবিধ।** | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সভায় জানান বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) কর্তৃক এডভান্স কোর্স অন এডমিনিস্ট্রেশন এন্ড ডেভেলপমেন্ট (এসিএডি) প্রশিক্ষণ কোর্সটি মূলত সরকারের উপসচিব ও উপসচিব পর্যায়ের বাংলাদেশ পুলিশ, পররাষ্ট্র মন্ত্রণালয়, কর ও ডিফেন্স সার্ভিসের কর্মকর্তাদের দিয়ে থাকে। সমবায় অধিদপ্তরের যুগ্মনিবন্ধকগণকে এই কোর্সে মনোনয়নের লক্ষ্যে প্রশিক্ষণের যথার্থতা যাচাইপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. সমবায় অধিদপ্তরের যুগ্মনিবন্ধকগণকে এডভান্স কোর্স অন এডমিনিস্ট্রেশন এন্ড ডেভেলপমেন্ট (এসিএডি) প্রশিক্ষণ কোর্সে মনোনয়নের লক্ষ্যে প্রশিক্ষণের যথার্থতা যাচাইপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/২/২০২৬

মোঃ ইসমাইল হোসেন
নিবন্ধক ও মহাপরিচালক

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)- ০৫ (৬০) স/মূ; তারিখ:০৬/০১/২০২৬ খ্রি.

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৬। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), ‘দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা/‘মডেল গ্রাম প্রতিষ্ঠা’ শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১০। যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম। তাঁকে সভার কার্যবিবরণী প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি কে অবহিত করার অনুরোধসহ।
১১। প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি।
১২। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৩। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/সহকারী প্রোগ্রামার (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৪। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, নিবন্ধক ও মহাপরিচালকের দপ্তর, সমবায় অধিদপ্তর, ঢাকা [নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

06.01.26

(আকলিমা খাতুন)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।